## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 29 MARCH 2026 ,SUNDAY | ২৯ মার্চ ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-117


## আসন্ন বিধানসভা নির্বাচনকে সুষ্ঠু ও অবাধ করার লক্ষ্যে কুমারগ্রাম থানা পরিদর্শনে এডিজি




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচনকে শান্তিপূর্ণ, সুষ্ঠু ও অবাধ করার লক্ষ্যে শনিবার আলিপুরদুয়ার জেলার কুমারথানা পরিদর্শনে আসেন রাজ্য পুলিশের এডিজি কে জয়রামন। তার সাথে ছিলেন আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার অমিত কুমার শ, আলিপুরদুয়ার মহকুমা পুলিশ আধিকারিক এম পি শ্রীনিবাস। এদিন এডিজি অসম বাংলা সীমানার পাখড়িগুড়ি এস এস টি নাকা চেকিং পয়েন্ট পরিদর্শন করে সেখানে কর্তব্যরত কর্মীদের প্রয়োজনীয় নির্দেশ দেন। এরপর তিনি আসেন কুমারগ্রাম থানায়। থানার সমস্ত আধিকারিক সহ পুলিশ কর্মীদের ভারতের নির্বাচন কমিশনের ছয় দফা নির্দেশ সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করেন। এ বিষয়ে আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার অমিত কুমার শ জানান আসন্ন বিধানসভা নির্বাচনকে শান্তিপূর্ণ, সুষ্ঠু ও অবাধ করার লক্ষ্যে এদিন এ ডি জি স্যার থানা সহ আন্তঃরাজ্য নাকা চেকিং পয়েন্ট পরিদর্শন করে সর্বস্তরের কর্মীদের প্রয়োজনীয় নির্দেশ দেন। নির্বাচনকে শান্তিপূর্ণ ও অবাধ করার লক্ষ্যে প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা খতিয়ে দেখেন এ ডি জি জয় রামন স্যার। তিনি আরও জানান আসন্ন নির্বাচনকে সুষ্ঠু, শান্তিপূর্ণ ও অবাধ করার লক্ষ্যে পুলিশ প্রশাসন বদ্ধপরিকর।

## ইন্দো-বাংলাদেশ সীমান্তে পাকড়াও এক বাংলাদেশী অনুপ্রবেশকারী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৮ মার্চ :** ভারত বাংলাদেশ সীমান্তে মালদহ জেলার হবিবপুরে এক বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পাকড়াও করলেন বি এস এফ জওয়ানরা। জানা গেছে বৃহস্পতিবার বিকালে হবিবপুর সীমান্ত এলাকায় এক ব্যক্তি সন্দেহভাজন ভাবে ঘোরাফেরা করছিলো। কর্তব্যরত বি এস এফ জওয়ানদের নজরে বিষয়টি আসতেই তারা ঐ ব্যক্তিকে আটক করেন। শুক্রবার বিকালে আটক ব্যক্তিকে বি এস এফ এর পক্ষ থেকে হবিবপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ সূত্রে জানা গেছে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে নিজেদের হেফাজতে নেয় পুলিশ। ধৃতের নাম প্রদীপ বালা (৩৯), তার বাড়ি বাংলাদেশের মকসুদপুর থানার উজানি গ্রামে। ধৃতকে শনিবার মালদহ জেলা আদালতে পাঠিয়ে ঘটনার পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

# লাগাতার দুর্ঘটনা হলদিবাড়ি চৌপথী সংলগ্ন এলাকায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মার্চ :** হলদিবাড়ি চৌপথী সংলগ্ন হলদিবাড়ি থেকে আলিপুরদুয়ার যাওয়ার রাস্তায় ডাইভাশনে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা । এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের কাছ থেকে শনিবার বিকেল চারটা নাগাদ । গত কয়েকদিনে ডাইভারশনে বেশ কয়েকটি দুর্ঘটনা ঘটেছে । এমনটাও জানা গেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশের কাছ থেকে। রাতের অন্ধকারে এই দুর্ঘটনাগুলি ঘটছে। কালভার্ট তৈরির কাজ মুখ থুবড়ে পড়ে রয়েছে হলদিবাড়ি সংলগ্ন এলাকায় হলদিবাড়ি, আলিপুরদুয়ার রাজ্য সড়কের উপর আর এর ফলেই দুর্ঘটনা ঘটছে একের পর এক। একের পর এক দুর্ঘটনায় পুলিশের কপালে ভাঁজ পড়েছে।

# উত্তর মাঝেরডাবড়ীতে কালভার্টের পাশেই নেমেছে ধস



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মার্চ :** উত্তর মাঝের ডাবরির নিউ আলিপুরদুয়ার রোডে কালভার্টের পাশেই ধস নেমেছে। এমনটাই দেখা গেল শনিবার ওই এলাকায় গিয়ে বিকেল চারটে নাগাদ। মূল রাস্তায় ব্যাপক ধস নেমেছে । প্রশাসনিক কর্তা থেকে শুরু করে রাজনৈতিক নেতৃত্বরা বিষয়টি নিয়ে চুপচাপ রয়েছেন। যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে এমনটাই বলছেন ওই এলাকার বাসিন্দারা। দুর্ঘটনা এড়াতে পুলিশের পক্ষ থেকে বেরিগেট লাগানো হয়েছে তবুও বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে।

# দুটি পণ্যবাহী গাড়ির মুখোমুখি সংঘর্ষে জখম চালক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মার্চ :** দুটি পণ্যবাহী গাড়ির মুখোমুখি সংঘর্ষে ব্যাপকভাবে জখম হয়েছেন একচালক ।ঘটনাটি ঘটেছে ৩১ নম্বর জাতীয় সড়কের মহাকাল চৌপথী এবং চালতা তলা এলাকার মধ্যবর্তী স্থানে। পুলিশ দুটি গাড়িকে আটক করেছে আহত চালককে চিকিৎসার জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে। জানা গেছে শিলিগুড়ির দিক থেকে আসা একটি পণ্যবাহী গাড়িতে গিয়ে ধাক্কা মারে বারবিশার দিক থেকে আসা একটি বালি বোঝাই গাড়ি। পুলিশ জানিয়েছে বালি বোঝাই গাড়িটি তার নির্দিষ্ট রাস্তায় না গিয়ে উল্টো রাস্তা যাওয়ার ফলে এমন ঘটনা ঘটেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। গাড়ির দুটিকে আটক করেছে পুলিশ।

# যশোডাঙ্গায় বুদ্ধিজীবী এবং রাজনৈতিক নেতাদের দিকে আঙ্গুল তুলেছেন আমজনতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ মার্চ :** পথচারী থেকে শুরু করে স্কুল ছাত্র-ছাত্রী যশোডাঙ্গার বুদ্ধিজীবী থেকে শুরু করে রাজনৈতিক নেতা এবং প্রশাসনিক কর্তাদের দিকে আঙ্গুল তুলেছেন পাকা রাস্তার উপর জল দাঁড়িয়ে পড়ার পর। পথ অবরোধ থেকে শুরু করে ধানের গাছ রোপন সবই হয়েছে কিন্তু রাস্তা সংস্কার হয়নি। বৃষ্টি হলেই যশোডাঙ্গা বাস স্ট্যান্ড থেকে হাই স্কুল পর্যন্ত পাকা রাস্তার উপর জল দাঁড়িয়ে থাকে ছাত্র-ছাত্রীরা নাজেহাল হয়ে যাচ্ছেন। অথচ এই রাস্তা দিয়ে প্রশাসনিক কর্তারা প্রতিনিয়ত যাতায়াত করেন এমনকি শাসক দলের নেতারাও এই রাস্তা দিয়ে যাতায়াত করেন তবে মুখ বন্ধ করে। সাধারণ মানুষের যাতায়াতের দৃশ্য তারা দাঁড়িয়ে থেকে অনুভব করেন এমন দৃশ্য চোখে পড়েছে শনিবারে। যদিও উন্নয়ন নিয়ে শাসকদলের নেতারা মুখ খুলতে চাইছেন না তবে আমজনতা শাসক দলের নেতা থেকে শুরু করে প্রশাসনিক কর্তাদের দিকে আঙ্গুল তুলতে কোনরকম দ্বিধাবোধ করছেন না। প্রশ্ন উঠেছে উন্নয়নের ? তবে এই উন্নয়ন না হওয়ার দরুণ জনগণ কিন্তু ভোট বাক্সের জবাব দেবে বিধানসভার প্রার্থীদের। কোটি টাকার রাস্তার উন্নয়ন করতে যখন রাজনৈতিক নেতা এবং প্রশাসনিক কর্তাদের মধ্যে রীতিমতো কাদা ছোড়াছুড়ি শুরু হয় ঠিক সেই সময়ে যশোডাঙ্গা বাস স্ট্যান্ড থেকে হাই স্কুল পর্যন্ত যাওয়ার রাস্তা নিয়ে এক শ্রেণীর রাজনৈতিক নেতারা মুখে কুলুপ এটেছেন।

# বিধানসভা নির্বাচনে সাধারন মানুষের আস্থা স্থাপনের লক্ষ্যে কোচবিহারের বিভিন্ন এলাকায় রুট মার্চ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৮ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচনে সাধারন মানুষের আস্থা স্থাপন ও নিরাপত্তা ব্যবস্থাকে আঁটোসাঁটো করতে কোচবিহার জেলার বিভিন্ন এলাকায় কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের যৌথ রুট মার্চ চলছে। শনিবার রুটমার্চে নেতৃত্ব দেন জেলা পুলিশ সুপার যশপ্রীত সিং। তিনি রুটমার্চ করতে করতে সাধারন মানুষের সাথেও কথা বলেন এবং নির্ভয়ে ভোট প্রদান করতে পরামর্শ দেন। পুলিশ সুপার জানান সাধারন মানুষের মধ্যে আত্মবিশ্বাস বৃদ্ধি করা ও নির্বাচনী প্রক্রিয়ায় তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যেই এই কর্মসূচি।

# ফেব্রুয়ারি মাসের সাম্মানিক প্রদানের ক্ষেত্রে বৈষম্যের অভিযোগে বিক্ষোভ আশাকর্মীদের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৮ মার্চ :** ফেব্রুয়ারি মাসের সাম্মানিক প্রদানের ক্ষেত্রে বৈষম্যের অভিযোগ তুলে বিক্ষোভ প্রদর্শন করে ব্লক স্বাস্থ্য আধিকারিককে স্মারকলিপি দিলেন জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের আশা কর্মীরা। তারা জানান গত বছরের ডিসেম্বর মাসের তেইশ তারিখ থেকে চলতি বছরের ছয় তারিখ পর্যন্ত বিভিন্ন দাবিতে রাজ্য জুড়ে আশা কর্মীরা কর্মবিরতি পালন করেন। পরে স্বাস্থ্য দপ্তরের সাথে আলোচনার মাধ্যমে তারা কাজে যোগ দেন। রাজ্যের সমস্ত ব্লকের আশা কর্মীরা ফেব্রুয়ারি মাসের সাম্মানিক যথারীতি পেলেও ময়নাগুড়ি ব্লকের আশাকর্মীদের ফেব্রুয়ারি মাসের কর্মবিরতির দিন গুলির সাম্মানিক প্রদান করা হয়নি। ব্লক স্বাস্থ্য আধিকারিক ফেব্রুয়ারি মাসের করফমবিরতির দিনগুলির জন্য সাম্মানিক কেটে রেখেছেন বলে জানান বিক্ষুব্ধ আশা কর্মীরা। এই বৈষম্যের প্রতিবাদে ময়নাগুড়ি ব্লকের সমস্ত আশাকর্মীরা সমবেত হয়ে বিক্ষোভ মিছিল করেন ও ব্লক স্বাস্থ্য আধিকারিক কে স্মারকলিপি প্রদান করেন। তাদের দাবি বকেয়া সাম্মানিক দ্রুত প্রদান করতে হবে এবং ভবিষ্যতে সাম্মানিক প্রদানের ক্ষেত্রে বৈষম্য করা চলবেনা। তারা জানান দাবি না মানা হলে আন্দোলন জোরদার করা হবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |